



## KALINAGAR MAHAVIDYALAYA

Government Aided College Affiliated to the West Bengal State University

P.O.: KALINAGARHAT, NORTH 24 PARGANAS. PIN : 743442. PHONE- 8328719680

### ভর্তির বিজ্ঞপ্তি

কালিনগর মহাবিদ্যালয়ের পক্ষ থেকে সকলের অবগতির জন্য জানানো হচ্ছে ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম সেমেস্টারে বি. এ./বি. এস. সি (অনার্স/সাধারণ) কোর্সের ভর্তি প্রক্রিয়া অনলাইন পদ্ধতিতে নিম্নলিখিত সময়সারণী অনুসারে সম্পন্ন হবে

তারিখ	কাজের বিবরণ
১০.০৮.২০২০ থেকে ২৫.০৮.২০২০	অনলাইন পদ্ধতিতে ভর্তির আবেদনপত্র পূরণ
২৮.০৮.২০২০	আবেদনকারী যারা অর্থ (Application Fee) প্রদান করেছে, তাদের তালিকা প্রকাশ
৩০.০৮.২০২০	মেধা তালিকার প্রকাশ
৩১.০৮.২০২০	প্রথম E-counseling তালিকা প্রকাশ
৩১.০৮.২০২০ থেকে ০৬.০৯.২০২০	অনলাইনের মাধ্যমে ভর্তির অর্থ জমা


**ভর্তির জন্য আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত নির্দেশগুলির প্রতি বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে**

- মেধার ভিত্তিতে গঠিত E-counseling list এ যে সকল ছাত্র-ছাত্রীর নাম স্থান পাবে, শুধুমাত্র তারাই ভর্তির সুযোগ পাবে।
- মেধা তালিকায় নিজের নাম অন্তর্ভুক্তির জন্য প্রত্যেক আবেদনকারীকে আবেদনপত্রের নির্ধারিত মূল্য ১৫০ টাকা অবশ্যই প্রদান করতে হবে। এই অর্থ না দিলে আবেদনকারীর নাম মেধা তালিকার জন্য বিবেচিত হবে না। আবেদনপত্রের/ভর্তির (Application Fee/ Admission Fee) জন্য নির্ধারিত অর্থ সম্পূর্ণ অনলাইন পদ্ধতিতে ( Debit Card/ Credit Card/ Net Banking/ UPI) জমা করতে হবে।
- আবেদনপত্রের মূল্য প্রদান করা সত্ত্বেও যদি কোন আবেদনকারীর নাম 'Application Fee Paid List' এ অন্তর্ভুক্ত না হয়, তাহলে আবেদনকারী 7003019646/ 9433377627/8240525922 এই নম্বর গুলিতে (২৮শে আগস্ট থেকে ২৯ শে আগস্ট সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত) ফোন করে নিজের অভিযোগ জানাতে পারবে।
- আবেদনপত্রের পূরণের সময় প্রয়োজনীয় শংসাপত্র (Certificate) অনলাইন পদ্ধতিতে আপলোড করতে হবে। এই শংসাপত্রগুলি হল- মাধ্যমিকের অ্যাডমিট কার্ড, উচ্চ মাধ্যমিকের মার্কশিট, SC/ST/OBC Certificate, PH Certificate, আবেদনকারীর সাম্প্রতিক কালের একটি রঙিন ছবি।
- আবেদনপত্রটি সম্পন্ন হওয়ার পর তার একটি print out প্রত্যেক আবেদনকারী অবশ্যই নিজের কাছে রাখবে।
- ২০২০-২১ শিক্ষাবর্ষে প্রথম সেমেস্টারে ভর্তি সংক্রান্ত সমস্ত প্রক্রিয়ার পুরোটাই অনলাইন পদ্ধতিতে হবে, তাই ভর্তির প্রয়োজনে মহাবিদ্যালয়ে সশরীরে উপস্থিত হওয়ার কোন প্রয়োজন নেই।

➤ উচ্চশিক্ষা দপ্তর, পশ্চিমবঙ্গ সরকারের নির্দেশ অনুসারে মহাবিদ্যালয়ে স্বাভাবিক পাঠক্রম চালু হলে প্রথম সেমেস্টারে ভর্তি হওয়া সকল ছাত্র-ছাত্রীকে verification এর জন্য ডাকা হবে (এই সংক্রান্ত তথ্যের জন্য কলেজের ওয়েবসাইট নিয়মিত ভাবে দেখতে বলা হচ্ছে)। এই পর্বে কোন আবেদনকারীর অনলাইনে আপলোড করা শংসাপত্রের সঙ্গে প্রাপ্ত শংসাপত্রের কোনরূপ অসংগতি প্রমাণিত হলে, তার/তাদের ভর্তি সম্পূর্ণরূপে বাতিল বলে বিবেচিত হবে। এক্ষেত্রে যে অর্থ তারা ভর্তির জন্য প্রদান করেছে, তাও ফেরত পাওয়া যাবে না। এই জন্য কতৃপক্ষের কাছে কোনরূপ আবেদনকে কোনভাবেই গ্রহণ করা হবে না।

ভর্তি সংক্রান্ত সমস্ত তথ্যের জন্য নজর রাখুন মহাবিদ্যালয়ের ওয়েবসাইটে: [kalinagarmahavidyalaya.ac.in](http://kalinagarmahavidyalaya.ac.in)

তারিখ ০৩.০৮.২০২০



CONVENOR  
ADMISSION SUB-COMMITTEE  
KALINAGAR MAHAVIDYALAYA

Ishani Ghosh

Teacher-in-Charge / Secretary  
Governing Body  
Kalinagar Mahavidyalaya

